

ওদের কথা আছে তো মনে?

কাইউম পারভেজ

ওদের কথা আছে তো মনে?

নয় মাস যুদ্ধ করে যে ছেলেটি

শূণ্যে গুলি ছুঁড়তে ছুঁড়তে বাড়ী ফিরছে। ওর আনন্দের কূল নাই কিনার নাই।

পুরো ম্যাগাজিনটা শেষ করে ও বাড়ী ফিরবে।

সে কি? ম্যাগাজিন ফুরিয়ে গেল তারপরও গুলির শব্দ?

সেকি! গুলির শব্দ শেষ হয়ে গেলো - তারপরও ওটা কিসের শব্দ?

ওটা কী বিজয়ের শব্দ? ওটা কী স্বাধীনতার শব্দ?

ওটা কী মুক্তিযোদ্ধার রক্তঝরার শব্দ?

সহযাত্রীরা বললো - আত্মসমর্পণ করার আগ মুহূর্তে বর্বর পাকসেনার গুলির শব্দ।

তারপর সব শেষ।

ওর কথা আছে তো মনে?

অবরুদ্ধ শহরটাতে যেখানে গভীর রাতে কুকুরের ডাকটাই

সবচে' পরিচিত।

অপরিচিত এক মুখ একরাতে দরজা ভেঙ্গে ঢুকে পড়েছিলো ঘরে।

কিছু বুঝবার আগেই মেয়েটির মুখে হাত বুকে হাত।

রাজাকারদের স্কুল ঘরে ও যেটার ছাত্রী ছিলো একদিন

নিজেকে আবিষ্কার করলো সেই ঘরে

বই নেই হাতে কলম পেন্সিল নেই। স্কুলের সেই জামা কাপড়ও নেই।

কোন কাপড় যে নেই ওর গায়ে। একলা ঘরে কেউ নেই।

শুধু আছে এক দঙ্গল পশুর আঁচড় আর জয় বাংলা বুকো।

স্বামীর বাহু বন্ধনী থেকে ওকে ছিনিয়ে এনেছিলো

বেচারী স্বামী কিছু বুঝে ওটার আগেই

এক গুলিতে লুটিয়ে পড়েছিলো।

ওদের কথা আছে তো মনে?

যারা মেয়েটিকে উঠিয়ে নিয়ে খান সেনার হাতে তুলে দিয়েছিলো

যারা স্বাধীনতা মানেনি, জয় বাংলা মানে নি, শোনেনি বজ্রকণ্ঠ

যারা বিজয় মানেনি, লাল সূর্য্য দেখেনি, শোনেনি 'ভায়েরা আমার'।

ওদের কথাই বলি বারবার।

যদি একজনেরও থাকে বিচার বাকী

বাংলা মায়ের থাকবে না সুখ শান্তি আর।

নজর রাখো ওদের বংশধর আত্মীয় বন্ধু ভাই বেরাদর।

ষড়যন্ত্রের জাল বিস্তৃত হচ্ছে গ্রাম শহর দেশ বিদেশ সর্বত্র।

রুখে দাঁড়াও। বল খামোশ!

ওদের সাথে নেই কোন আপোষ।

প্রতিদিন প্রভাতে কাকে যেন জিজ্ঞেস করি
আমার মা টা ভালো আছে তো?
আজ বিজয়ের দিনে আবারো জিজ্ঞাসী
আমার মা টা আছে তো ভালো?

জয় বাংলা , জয় হোক বাংলা মা ।